এই কলিকাল।

A BENGALI BURLESQUE.

ব্যঙ্গ কাব্য।

"কাব্য শাস্ত্র বিনোদেন
কালো গচ্ছতি ধীমতাম্।"

CALCUTTA;

PRINTED AND PUBLISHED
BY
MATHURANATH CHATTERJEE
The New Sanskrit Press.
1875.

নাট্যপ্রিয় মহোদয়গণ!

আপনাদের হস্তে এই ক্ষুদ্র পুস্তক খানি অর্পণ করিলাম। ব্যঙ্গ কাব্য এপর্য্যন্ত কেহ প্রণয়ন করেন নাই, আমি প্রগল্‌ভতা পরবশ হইয়া এই অসম-সাহসিক কার্য্যে প্রথম হস্তক্ষেপ করিলাম। জানি না, কৃতার্থতার সাহিত সাক্ষাৎ লাভ ঘটিবে কি না। তবে যদি ইহা মুহূর্ত্ত কালের জন্যও আপনাদের আমোদ বর্দ্ধন করিতে পারে, তাহা হইলেই আমি সমুদায় পরিশ্রম সফল জ্ঞান করিব।

গ্রন্থকারস্য।

নাট্যোল্লিখিত ব্যক্তিগণ।

পুরুষ

ড্যানিয়ল।	স্যুমেকারস করপোরেসনের চেয়ার মেন।
সরকার।	ড্যানিয়ল সাহেবের সরকার।
বারাণসী বাবু।	কলিকাতার জনৈক কৃতবিদ্য বাবু।
বৈষ্ণব বাবু।	বারাণসী বাবুর বন্ধু।
গোস্বামী।	জনৈক প্রভুসন্তান।
বৈষ্ণব।	জনৈক হরিভক্ত।
আবদুল করিম খাঁ।	গবর্ণমেণ্টের উচ্চপদাভিষিক্ত জনৈক মৌলবী।

পেয়াদা, খানসামা, খিজমদগার ইত্যাদি।

স্ত্রী

মধুমতী	বৈষ্ণব বাবুর স্ত্রী।
হৈমবতী	মধুমতীর দাসী।
বিবি	জনৈক ইংরাজী মেম।

কলি, দাসত্ব-প্রিয় ও মিথ্যাভিমান অপ্সরা ত্রয়।

এই কলিকাল।

BURLESQUE

অর্থাৎ

ব্যঙ্গ কাব্য।

প্রথম অঙ্ক।

প্রথম দৃশ্য।

ড্যানিয়ল সাহেবের কামরা।

ড্যানি। (কাষ্ঠাসনে আসীন, খপরের কাগজ পাঠ করিতে করিতে) ওয়েল! কাগজমে মেরা বড়া খোস-নামী লিখা হ্যায়, ডিমসথিনিস অফ দি ডে, (Demosthenes of the day) হা, হা, হা,! পবলিককো (public) ঠকানা বড় সহল কাম হ্যায়। বাই হারট্ এ ফিউ পেজেস্, ডিলিভর ইন এ পবলিক মিটিং, এণ্ড ইনষ্টেণ্টলি টেক্‌ন টুবি এ ফাষ্টরেট স্পিকার, (By-heart a few pages, deliver in a public meeting; and instantly taken to be a first-rate speaker.) হা, হা, হা,! বট হোয়াই দি ফেলো দালাল ইজ সো লেট, মাই ওন্‌লি হোপ ইজ উইত হিম,

(But why the fellow Dalal is so late, my only hope is with him) (বিরক্তি প্রকাশ করিয়া) ডেম মাই সোল, (Da-n my soul) হাম নেই জানটা কিসটরে কাম চলেগা, এক পয়সা হাটমে নেই, ক্রেডিটরস্ আর অল ডিটারমিণ্ড, (creditors are all determined) হাম দেখতা, দি ট্রবলস এণ্ড পেন্ আই টুক ফর ইয়ারস টু কিপ অপ এপিয়ারেন্স, ইজ গোইং টুবি ক্রস্ড ডাউন টু দি ভেরি বেসিজ। (the troubles and pain I took for years, to keep up appearance, is going to be crushed down to the very basis.) নাম গিয়া টো সব কুচ গিয়া, উসকা সাত মেরা রুটি বি গিয়া। ক্যেয়া করেগা? নো ষ্টোন লেফ্ট অনটরণ্ড, (no stone left unturned) সব জয়গা সে লেনদেন বন্দ হুয়া। আঃ লরড্, হোয়াট সেল আই ডু! আই সি দি এস্মেস ইজ কম, (Ah lord! what shall I do, I see the smash is come) (নেপথ্যে পাদুকা শব্দ) আই হোপ দি ডালাল ইজ কম্, (I hope the Dalal is come) (সরকারের প্রবেশ) নন্সেনস্ নট হি, দি টিজিং স্কাউনড্রেল সরকার। (Nonsense not he, the teasing scoundrel sircar) ওয়েল সরকার! খপর ক্যেয়া?

সর। ছেলাম মাষ্টার! খপর নো নিউ (no new) সব সেম্। (same) মাষ্টার! টাকা না হোলে ত আর এক দণ্ডও কাজ চলে না, এক রকম কাজকর্ম্ম সব বন্দ হয়ে এসেছে।

ড্যানি। কুচ পরোয়া নেই, রূপেয়া আযাটা—রূপেয়া আনেসে ফের সব ঠিক হো যাগা।

সর। অন্তিম কালে ঔষধে কি উপকার হবে?

ড্যানি। কেয়া বোলা?

সর। না মাষ্টার! এমন কিছু নয়, শুদু হাঁড়িতে পাত বেঁধে আর কদিন চলে।

ড্যানি। কেয়া বোলা? হামারা রূপেয়া নেই, ঝুট বাট! (টেবিলের উপর হইতে এক খানি বেঙ্কের চেক বহি দেখাইয়া) এই দেখো, হামারা বেঙ্ক বই দেখো!

সর। (স্বগত) ও ভূয়ো চেকে আর লোক ভোলে না।

ড্যানি। বিলাত মে মেরা শালা লরড হারকোর্ট কো, রূপেয়া কা ওয়াস্তে চিঠি লিখা হ্যায়; আয়েন্দা মেল মে রূপেয়া আযাগা।

সর। (জনান্তিকে) ওলড্ টেল, (old tale) কথায় আর কাজ চলে না। মাষ্টার! তাগাদ-গারের তাগাদায় আর বসা যায় না। ভাল বোঝোত অপমান হবার আগে, একবার টুপী আর লাঠী নিয়ে চাটগাঁ অঞ্চল টা বেড়িয়ে এস।

ড্যানি। নেই, নেই, টোম ডরতা কাহেকো, বাজার সে রূপেয়া আদায় নেহি হোগা, মেরা দোস্ত অনরেবল মাষ্টার ডরওয়েণ্ট, টোম উনকো জানটা নেই, উন্‌নে লাট সাবকা যো কৌনসেল হ্যায়, উস্‌কা মেম্বার, উন্‌সে বিশ পঁচিশ হাজার রূপেয়া লেকে সবকো দেদেগা।

সর। (জনান্তিকে) কত মিছে কথাই জান, শালা লারড, খুড়ো করণেল, সাহেবের মাও বোধ হয় এক জন জুষ্টিস অফ দি পিস। (প্রকাশ্যে) মাষ্টার! আর তোমার কথায় বিশ্বাস নাই।

ড্যানি। কেয়া, কেয়া বোলা! ইউ জাউণ্ড, ইউ সস্পেক্‌ট মি, (you zound! you suspect me) টোম মেরা নোকর, ইউ ট্রিট ইওর মাষ্টার দস্‌। (you treat your master thus) টোম নেই জানটা হাম কোন হ্যায়? কলকেত্তাকা যেটনা বড়া আদমি সব হামকো ডরটা হ্যায়, হামারা খোসনামী সব খপর কা কাগজমে লিখতা। তোম জানটা হাম স্থমেকারস্‌ করপোরেসনস্‌ কা চেয়ারমেন হ্যায়, টাউন হলমে হামারা আগে কোই বাট নেই কয় সকটা; এণ্ড ইউ টক্‌ টু মি অফ সস্পেক্‌ট। (and you talk to me of suspect)

সর। সাহেব! ঠাণ্ডা হও, এত রাগ কেন?

সত্তি কথায় আহাম্মক বেজার হয়, এম্পটি ভেস্‌ল সাউণ্ডস্‌ মচ, (Empty vessel sounds much) শুদু হাঁড়ির শব্দ ভারি, জানা গেছে তোমার জারিজুরি, ছি ছি কি ঝকমারি, করেছি সুমেকরের চাকরি।

ড্যানি। নেই হাম নেই ঠাণ্ডা হোগা, টোম হামারা হিসাব সমজাকে দেও, টোমকো হাম আবি জবাব দেগা। হু এম আই! আই টু বি ইউসড দস বাই মাই ওন সারভেণ্ট। (Who am I! I to be used thus by my own servant.)

সর। সাহেব গালাগালি দিওনা, এই দেখ তোমার হিসাব, লুক টু ইওর একাউণ্ট, (Look to your account) (হিসাবের বহি সম্মুখে খুলিয়া দেওন)

ড্যানি। এ কেয়া হ্যায়, ক্যাসমে রুপেয়া কেটনা হ্যায়।

সর। (সাহেবের মুখের সম্মুখে বৃদ্ধাঙ্গুলি নাড়িয়া) ক্যাসমে এই হ্যায়।

ড্যানি। কেয়া হামসে ঠাট্টা? জানটা হাম সাব হ্যায়, আবি সুট করে গা।

সর। সাহেব গিভ মাই সেলারি, আমি করব না আর তোমার চাকরি।

ড্যানি। নিকালো, আবি হামারা সামনেসে নিকালো।

সর। নিকালো হামারা তলব নিকালো।

ড্যানি। হাম আবি মারেগা, নেহি টো আবি ভাগো, আবি মেরা কাম হ্যায়, করণেল সাবকা কুঠিমে হামারা নেওটা হ্যায়, দোসরা ওকৃত আও হিসাব চুকা-দেগা।

সর। না সাহেব, আমি আর তোমার কাছে আসব না, গিভ মাই পে, (Give my pay) দশ টাকা মাইনের চাকরি, তার সিক্স মন্থস গট নথিং, (Six months got nothing) আবার তার উপর গালাগালি! তোমার মতন ঢের সাহেব দেখেচি।

ড্যানি। (ক্রোধে সরকারের মস্তক হইতে পাগড়ী টানিয়া ফেলিয়া দেওন, উহার মধ্য হইতে একটা বিড়া ও ছিন্ন বস্ত্র বাহির হওন) ইউ ব্লডি নিগার! (You bloody nigger.)

সর। ইউ ডেম সুয়ার! (কোট ধরিয়া টানিতে কোটের অর্দ্ধ ভাগ সরকারের হস্তে ছিড়িয়া আসা ও সরকার কর্ত্তৃক সাহেবের পৃষ্ঠে চপেটাঘাত)

ড্যানি। হাম ডেখেগা, ডেখেগা।

সর। আমিও দেখেগা, ছোট আদালত মে দেখেগা। ইউ চিট,—রোগ! এ ট্রু রেপ্রেজেনটেটিভ অফ দি সুমেকারস করপোরেসন। (You cheat—

rogue, a true representative of the shoemaker's corporation)

[প্রস্থান।

ড্যানি। শালা মেরা কোট ছিঁড় দিয়া, ডেম মাই সোল। (Da-n my soul) নেওটা হ্যায়, খানামে যানে হোগা। কেয়া করে ? দোসরা কোট নেই হ্যায়, লেট মি গো এণ্ড রিপেয়ার ইট। (Let me go and repair it.) (পরিক্রমণ পূর্ব্বক) আঃ মি! (ah me!) ইস দফে মহাজন লোককো কুচ রূপেয়া দেসেকে, ইফ আই কেন টাইড ওভর দিস ক্রিসিস, আই এম সিওর অফ পুটিং টু ল্যাক্স্ ইন মাই আয়রণ সেফ, (If I can tide over this crisis, I am sure of putting two lakh's in my iron safe) কৈ সুরটসে রূপেয়া কা বন্দোবস্ত করনেই হোগা। আঃ! দেয়ারস্ এ চ্যানস, দি ওনলি চ্যানস, (ah! there's a chance, the only chance,) আই মষ্ট ট্রাই লাইক আলাদিন দি ওয়ানডরফুল স্কেম্প দি ডায়েমণ্ড সিল। (I must try like Alladin the wonderful scamp the Diamond seel.) সবকৈ বোলতা, হি ইজ এ গ্রেট লভার অফ বিউটি (he is a great lover of beauty) লুচ্চু, মষ্ট ট্রেপ হিম। (must trap him)

আবি মেম সাব কা পাস যাকে ইসকা সলা করনা চাহিয়ে।

[প্রস্থান।

দ্বিতীয় দৃশ্য।

কলিকাতার রাজমার্গ।

(জনৈক গোস্বামীর প্রবেশ)

গোস্বা। হরেকৃষ্ণ হরেকৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে, হরেরাম হরেরাম রাম রাম হরে হরে। গোপাল, গোপাল! জয় শ্যামসুন্দর মদনমোহন! প্রভু! এই মায়াময় সংসার থেকে শীঘ্র পরিত্রাণ কর, ঘোর কলিকাল উপস্থিত, ধরা পাপে পরিপূর্ণা। হায়, হায়! সহস্রের মধ্যে একজনকেও ধার্ম্মিক দেখতে পাওয়া যায় না, সকলেই পাপে রত,—অভক্ষ্য ভক্ষণ, অপেয় পান, অগম্য গমন। হায় হায়! মিথ্যা কথা, প্রবঞ্চনা, চাতুরী, পরদ্রব্যাপহরণ এই সমুদায় পাপাচার ছাড়া প্রায় কেহই নাই, ভ্রমেও কেও সত্য কথা কয় না। হরি হরি বোল, শ্যামসুন্দর! তোমারি ইচ্ছা! যাহোক আর এ পাপ স্থানে বাস করার আবশ্যক নাই, সত্বরেই পুণ্যধাম শ্রীবৃন্দাবন ধামে গমন করে রাধাশ্যামের সেবায় শরীর নিযুক্ত করা কর্ত্তব্য হয়েছে। এখন যাই সন্ধ্যা হয়ে এল, কালাচাঁদ বাবুর বাড়ীতে জন্মাষ্টমির নিমন্ত্রণ-

টা আছে, রক্ষা করে আসিগে। (অপর দিকে দৃষ্টি করিয়া) একে, একজন বৈষ্ণব এই দিকে আসচে না, তা ভালই হলো, একা নিমন্ত্রণটায় যাচ্ছিলাম, বাবাজীকে সঙ্গে করে নি।

(জনৈক বৈষ্ণবের প্রবেশ)

বৈষ্ণ। (টলিতে টলিতে ও উন্মত্ত স্বরে) আমি মাতাল, মদ খাই, মাতলামো করি, এতে কার কি খেতি আছে? যদি কিছু থাকে তা সে আমার, আমারি পয়সা খরচ হয়, আমারি শরীর অসুস্থ হয়। (দর্শকের দিকে দৃষ্টি করিয়া) কি বাবা! মাতাল দেখে হাসচো, হাস—আমিও আবার সময়ে তোমাদের অনেককে এই অবস্থায় দেখে হেসে থাকি। সত্তি কথা বলতে কি, আজকাল একাজ ছাড়া প্রায় কেউ নাই, তবে কি জানেন, কেও বা লুকিয়ে—গোপনে, কেও বা সরপট-প্রকাশ্যে, অনেকে বাইরে ভারি হিন্দু, বড় ধার্ম্মিক, দিনের বেলা ঋষির মত ব্যবহার, আবার রাত্রে—হা হা, আর এক ধারা।

গোস্বা। আরে কেও বাবাজী যে?

বৈষ্ণব। আজ্ঞে হাঁ, দণ্ডবৎ। (অষ্টাঙ্গে প্রণিপাত) প্রভু! আশীর্ব্বাদ করুন।

গোস্বা। ধর্ম্মে মতি হোক।

বৈষ্ণ। (উঠিতে পদদ্বয় কম্পিত হইয়া ভূমে পতন ও সাবধান হইয়া গাত্রোত্থান)

গোস্বা। একি বাবাজী! তোমার পা টলচে যে? মদরিকা পান করেছ নাকি? কি সর্ব্বনাশ! তুচ্ছ সুরা কি তোমাদের ন্যায় বিষ্ণু ভক্তি পরায়ণকেও পরাজিত করেছে?

বৈষ্ণ। প্রভো! সংসারে সকল লোকেই বিশেষ বিশেষ মদে উন্মত্ত, কেউবা বিষয় মদে উন্মত্ত, কেউবা ইন্দ্রিয় মদে উন্মত্ত, কেউবা মোহ মদে মত্ত। ন্যস্তধন গ্রহণ, পরস্ত্রী গমন, পরের সর্ব্বনাশ এই সকল কুকার্য্য অপেক্ষা মদ খেয়ে ঘরে পড়ে থাকা সহস্র গুণে শ্রেষ্ঠ। তবে প্রভু এখন কোথায় যাওয়া হচ্চে?

গোস্বা। এই বাবা, একটু কাজ আছে তাই একবার কালাচাঁদ বাবুর বাড়ী যাব, তা তুমি এস আমি এখন গমন করি।

[প্রস্থান।

বৈষ্ণ। গোস্বামী মহাশয় বড় ধার্ম্মিক, কিন্তু সব লোক দেখান, গোপনে গোপনে যে কি করেন তা কে বল্‌তে পারে! ডুবে জল খেলে শিবেরও বাপের সাধ্য নাই যে জানতে পারেন। বাবা! বড় বড় কুড়যালি যে দেখতে পাও, সেগুলি সব বড় বড় বদমায়েসীর

খলি, গোস্বামী সর্ব্বদা মালা ঠক ঠকান, অর্থাৎ বোকা ঠকান। যাই একবার সেবাদাসী কি কচ্চে দেখিগে।

[প্রস্থান।

দ্বিতীয় অঙ্ক।

প্রথমদৃশ্য।

বারাণসী বাবুর বৈটকখানা।

বারাণসী বাবু আসীন সম্মুখে
মদের বোতল ও গ্লাস।

বারা। সন্ধ্যা হয়েছে, ইট ইজ সিক্স ও ক্লক (It is six o'clock) কৈ এখনও বৈষ্ণব বাবু কেন আসচেন না। চিঠিতে তাঁকে এই খানেই ত আসতে বলেছি, একত্রে হোটেলে যাব। (গ্লাশ লইয়া) লেটমি ড্রিংক এনাদার গ্লাশ, (Let me drink another glass) (মদ্যপান করিয়া) দিজ আর ডেজ অব মনটনি এণ্ড সেমনেস, কেলকেটা হেজ গ্রোন অনকমনলি ডল্, নথিং নিউ, (These are days of monotony and sameness, Calcutta has grown uncommonly dull, nothing new) সব পুরাতন কিছুই নূতন

দেখতে পাওয়া যায় না, সেম ফেসেস, সেম এনটার-টেইনমেণ্টস (Same faces, same entertainments) যদি মদ না থাকত তাহলে বোধ করি দিন কাটন ভার হতো।

(বৈষ্ণব বাবুর প্রবেশ)

(বারাণসী বাবু গাত্রোত্থান পূর্ব্বক সেকন্‌ড করিয়া উভয়ের উপবেসন)

বৈষ্ণ। বারাণসী বাবু! প্রাতঃকালে আই ওয়াজ সরপ্রাইস্‌ড টু রিসিভ ইওর (I was surprized to receive your) নিমন্ত্রণ পত্র। ওয়েল পন মাই অনর (well 'pon my honour) আমি জন্মেও কখন এত সরপ্রাইজ হইনে।

বারা। কেন ভাই, আশ্চর্য্য হবার বিষয় কি আছে, আমার নিমন্ত্রণ কি অন্যায় রূপে করা হয়েছে? আমি বোধ করি এই ফাষ্ট টাইম (first time) নয়, আই হেভ হেড দি প্লেসর অব এনটারটেনিং ইউ। (I have had the pleasure of entertaining you) সে যা হোক, নাও ভাই এক গ্লাশ মদ খাও, এবং ভরসা করি দিস উইল নট বি দি লাষ্ট। (this will not be the last.)

বৈষ্ণ। (গ্লাশ লইয়া) ইওর হেলত্ (your health)

সো ডু আই। (so do I.) তোমার নিমন্ত্রণ পত্র এমনি প্রেসিং টোনে লেখা হয়েছিল, পাঠ করে আশ্চর্য্য বোধ হলো, কারণ পরশু তোমার সঙ্গে দেখা হয়েছিল, এবিষয়ের কোন কথা উত্থাপন কর নাই। বোধ হয় আজ কোন বিশেষ ডিনার আছে? হেল্প ইওরসেলফ্। (help yourself.)

বারা। (গ্লাশে মদ্য ঢালিয়া) হেলত, না এমন কিছু নয়, আজ জন্মাষ্টমীর রাতটা অমনি অমনি যাবে, তাই দুজন বন্ধু একত্র হয়ে দুঘণ্টা আহারাদি করে আমোদ আহ্লাদ করা। (সতর্কভাবে) ওহে! কে আসচে। (মদের গ্লাশ ও বোতল আড়ালে রাখন।)

(গোস্বামী মহাশয়ের প্রবেশ)

গোস্বা। জয় শ্যামসুন্দর মদনমোহন, প্রভো ত্রাণ কর! (হস্তোত্তোলন পুর্ব্বক) বারাণসী বাবু! আশীর্ব্বাদ।

বারা। আসতে আজ্ঞা হোক, আসুন আসুন, এইখানে উপবেশন করুন।

গোস্বা। হাঁ বাপু বোসচি। (উপবেশন করিয়া) বাপু! সমস্ত কুশলত? উঁঃ কিসের গন্ধ বাবা! বড় দুর্গন্ধ বেরিয়েছে। (স্বগত) গন্ধে প্রাণটা সক্ সক্ করে উঠেছে।

বারা। আজ্ঞে, এই কতক্ষণ এখানে বিলাতী ডারক এক বোতল খোলা হয়েছিল, তারি গন্ধ বেরুচ্চে।

(একান্তে) গোঁসাই আবার এমন সময় এখানে কি করতে এল।

বৈষ্ণ। (একান্তে) আমাদের আমোদ ভঙ্গ করতে, বল ত রকম সকম করে বেটাকে এখান থেকে বিদায় করে দি।

বারা। (একান্তে) না হে না, তাহলে ও সব জানতে পারবে।

বৈষ্ণ। (একান্তে) ফু, পারলে ত বোয়ে গেল; তুমি কি মনে কর এ বেটা এ বাজ্ ছাড়া?

বারা। (একান্তে) আরে বল কি? উনি পরম ধার্ম্মিক, বৈষ্ণব কুল-তিলক, সর্ব্বদা মুখে হরি নাম।

বৈষ্ণ। (একান্তে) আমি তোমায় নিশ্চয় বোলচি, যে আজ কাল এই বেটারাই অধিক মাতাল, এদের জন্যে বাজারে রম পাওয়া ভার।

বারা। (একান্তে) দুর পাগল। (প্রকাশ্যে) গোস্বামী মহাশয়! অদ্য তবে কি মনে করে আসা হয়েছে?

গোস্বা। এমন কিছু মনে করে নয়, এই একবার কালাচাঁদ বাবুর বাড়ীতে অদ্য জন্মাষ্টমীর নিমন্ত্রণ আছে, এই পথ দিয়ে যাচ্ছিলাম তা একবার বলি বারাণসী বাবুর সঙ্গে সাক্ষাৎ টা করে যাই।

বারা। যথেষ্ট সৌভাগ্য—মহাশয় আমাদের অত্যন্ত স্নেহ করেন।

গোস্বা। বাপু! তোমরা যথার্থ স্নেহের পাত্র,

আহা বাপু! তোমায় দেখলে তোমার ৺ পিতা-ঠাকুরকে মনে পড়ে, তোমার আকৃতি ঠিক তাঁর মতন, কিছু মাত্র ভিন্নতা নাই।

বৈষ্ণ। (একান্তে) ডেম ইওর আকৃতি, ইট ইজ ফুল অব হিপোক্রিসি, (It is full of hipocrasy) ওহে! বেটাকে শীগ্গির দূর কর, আর যদি তুমি নাপার তবে আমায় বল।

বারা। (একান্তে) ওয়েট এ লিট্‌ল, (wait a little)

বৈষ্ণ। (একান্তে) দেন গিভ মি এ লিট্‌ল (then give me a little)

গোস্বা। (বারাণসী বাবুকে সম্বোধন করিয়া) এই বাবু ইংরাজীতে কি বোলচেন? বাবু! কি বলচ, আমার সম্বন্ধীয় কোন কথা বোলচ? (স্বগত) মদখেতে পাচ্চে না বলে বেটারা আমায় তাড়াবার যোগাড় কচ্চে।

বৈষ্ণ। আজ্ঞে না, এমন কিছু নয়, আপনার কোন কথা নয়, এই আমাদের নিজের কোন—

গোস্বা। তোমাদের কি—

বৈষ্ণ। আজ্ঞে, আজকাল গ্রীষ্মকালের দিন, সন্ধ্যার পর বড় অসুস্থ বোধ হয়, গ্রীষ্মপ্রভাবে এক স্থানে বসে থাকা যায় না, তাই বারাণসী বাবুকে বলছিলাম একটু আরক দিতে।

গোস্বা। বাপু! সে আরকের গুণ কি?

বৈষ্ণ। আজ্ঞে, সে আরকের অনেক চমৎকার গুণ, পান করলে শরীর হয় আগুণ, মনে ফুরতি বাড়ে দ্বিগুণ। মহাশয় গো! সে আরকের গুণ এক মুখে ব্যক্ত করা দুঃসাধ্য।

গোস্বা। এমন উত্তম আরক পান করতে বাধা কি আছে? তোমরা সচ্ছন্দে পান কর। দেখ শাস্ত্রে শরীর রক্ষার্থে সুরা পর্য্যন্ত পানে বিধি দিয়াছেন। তা তুমি ঔষধ খাবে তা আমার সাক্ষাতে খেতে বাধা কি?

বৈষ্ণ। আজ্ঞে পাছে ইংরাজী আরক বোলে আপনি কিছু মনে করেন। (একান্তে) আই ডেয়ার সে দিস ফেলো ইজ ইন দি হেবিট অফ ড্রিঙ্কিং। (I dare say this fellow is in the habit of drinking)

বারা। তবে গোস্বামী মহাশয় অনুমতি দিচ্চেন, এই নাও পান কর। (বোতল হইতে একপাত্র সুরা ঢালিয়া প্রদান)

বৈষ্ণ। (গ্লাশ লইয়া) গোস্বামী মহাশয়! ইওর হেলত। (your health) (মদ্য পান ও একান্তে) ইউ সি, ইউ মষ্ট টেক এ গ্লাশ। (you see, you must take a glass) না হলে সব নেসা ছুটে যাবে। (প্রকাশ্যে) বারাণসী বাবু! তোমার শরীরটে কেমন কেমন কচ্চে বলছিলে না? তুমিও একটু আরক খাও উপকার হবে এখন।

গোস্বা। খেলে যদি উপকার বোধ হয়, তবে এখনি খাও।

বারা। যে আজ্ঞা, আপনার অনুমতি লঙ্ঘন করা কর্ত্তব্য নয়। (মদ্য ঢালিয়া পান)

গোস্বা। (স্বগত) আলচাল দেখলে যেমন ভেড়ার মুক চুলকায়, গর্ভিণী স্ত্রীর অম্বল অবলোকনে যেমন জিহ্বায় জল সঞ্চার হয়, আমারও মদ দেখে তেমনি মুখে নাল নিঃসরণ হচ্চে, যাহোক এরা আমাকে বড় ধার্ম্মিক জ্ঞান করে, এদের নিকট আর নিজমূর্ত্তি প্রকাশে আবশ্যক নাই। কিন্তু যদি একাজ কত্তেই হয়, তবে বাবুদের সঙ্গে মেলাই যুক্তিযুক্ত, বিনা ব্যয়ে উত্তমরূপ সুরা পান হতে পারে।

বৈষ্ণ। (একান্তে) ওহে! এবেটা যে এখানে বোসে আমাদের মজা দেখবে তা হবেনা, let's offer him.

বারা। (একান্তে) দূর মুর্খ ও খাবে কেন?

বৈষ্ণ। (একান্তে) ইস্ খাবে কেন, দুটো জিদ করে বল্লেই খাবে, না হয় দুটো টাকা, আর তাতেও যদি না খায় তবে বেটাকে চিত করে ফেলে বুকে হাঁটু দিয়ে ধাঁ করে এক গ্লাশ খাইয়ে দেব। জানত হোয়াট শাস্ত্র সেজ, ইফ উই কেন কনভারট্ ওয়ান আউট অফ এভরি- (If we can convert one out of every—)

বারা। আচ্ছা ভাই, চেষ্টা করে দেখ।

বৈষ্ণ। গোস্বামী মহাশয়! কোথায় যাবার

কথা বলছিলেন না, তা দেখুন রাত্রিতে ডেম্পে গমনা-গমন বড় কষ্ট দায়ক ; যদি এই আরক এক গ্লাশ পাম করে যান, তাহলে কোন কষ্টই বোধ হবে না, অতি সুখে যাবেন।

গোস্বা। আরে বাপু! আমরা বৃদ্ধ হয়েছি, বিশেষ আমাদের ন্যায় দরিদ্র লোকের আর সুখ দুঃখ কি?

বৈষ্ণ। সে কি মহাশয়! শরীর সকলেরি সমান, তা আপনি অন্যমত করবেন না একটু পান করুন।

গোস্বা। না বাবা, তা হলে দেরি হয়ে পডবে। বাপু! জানইত দুটাকা পাবার প্রত্যাশা আছে, তা এখন চল্লেম। (গমনোদ্যত)

বৈষ্ট। বসুন না মহাশয়, (একান্তে) শুনলে টাকা দ্বারা না হয় এমন কর্ম্মই নাই। তা ভাই আমাকে গোটাচার টাকা দেও, বেটার রকমটা দেখা যাগ।

বারা। হিয়ার আর ফোর রুপিজ। (here are four rupees) (টাকা প্রদান)

বৈষ্ণ। মহাশয়! নিমন্ত্রণ গেলে হদ্দ দুটো টাকা পেতেন, তা আমি চারটে টাকা দিচ্চি আপনি একটু আরক পান করে আমাদের সঙ্গে চলুন। (মুদ্রাপ্রদান)

গোস্বা। আচ্ছা বাপু তবে দাও, মদ টদ নয় তো। (স্বগত) মন্দ কি, যার যখন কপাল ফেরে মুতত্রে বসে হেগে ফেলে; আজ আমার একাদশবৃহস্পতি, মদ্য পান আব্বার অর্থলাভ।

বৈষ্ণ। (মদ্য ঢালিয়া গোস্বামীকে প্রদান) আজ্ঞে খেয়ে দেখুন না।

গোস্বা। (পান করিয়া) উঁ হুঁ, কি ঝাঁজ! বাপু! এতে সুরার গন্ধ বেরুচ্চে যে?

বৈষ্ণ। হো হো হো! গোস্বামী মহাশয় আপনাকে মদ খাইয়েছি।

গোস্বা। অ্যাঁ, অ্যাঁ, বলকি? রাধাশ্যাম! (স্বগত) এই উদরে যে কত মদ আছে তার পরিমাণ করা যায় না, ইটী একটী ক্ষুদ্র পিপে বিশেষ।

বৈষ্ণ। মহাশয়! এক গ্লাশ খেলেও যা, আর দশ গ্লাশ খেলেও তা, অনুমতি হয় ত আর একপাত্র দি?

গোস্বা। জয় মহাপ্রভু! তোমাদের ইচ্ছা হয় দেও।

বৈষ্ণ (মদ্য প্রদান) এই নিন।

গোস্বা। (মদ্য পান) ফুঃ, বড় ঝাঁজ।

বৈষ্ণ। মহাশয়! সত্য করে বলুন দেখি, আগে আর কখন মদ খেয়ে ছিলেন কি না?

গোস্বা। বাপু হে! যখন চক্ষুলজ্জার মাথা খেয়ে, তোমাদের নিকট প্রকাশ করেছি, তখন আর কোন কথা গোপন করবার আবশ্যক কি। বাবু! আমার অনেক দিন থেকে অভ্যাস আছে, তবে কি জান তোমরা ছেলে ছোকরা, লজ্জার ভয়ে তোমাদের কাছে প্রকাশ করতে পারি নাই। আমি যখন প্রথম এই ঘরে প্রবেশ করি, তখনই জানতে পেরে ছিলাম তোমরা মদ্য পান কচ্চ।

বৈষ্ণ। ইউ হিয়ার—ডিড নট আই ফাষ্ট সে, দেট দি ফেলো ইজ ইন দি হেবিট অফ ড্রিংকিং, ও অয়াট এ গ্রেট হিপোক্রিট! নট ওনলি হি হেজ সেয়ারড আওয়ার ওয়াইন, বট হি হেজ চিটেড অস আউট অফ আওয়াব গুড মনি রুপিজ ফোর। (you hear, did not I at first say, that the fellow is in the habit of drinking. Oh! what a great hipocrite! not only he has shared our wine, but he has cheated us out of our good money Rupees four)

বাবা। হা হা হা! বট উই হেভ সিন এ সাইট ওয়ার্থ দি সম (but we have seen a sight worth the sum) হা হা,—দেখ প্রায় রাত সাতটা, চল যাওয়া যাক আর বিলম্বে প্রয়োজন নাই—গিভ আনাদার গ্লাশ টু দি ফেলো, এণ্ড লেটাস্ টেক হিম এলং টু দি হোটেল। (give another glass to the fellow, and let's take him along to the hotel.)

বৈষ্ণ। আচ্ছা, (মদ্য ঢালিয়া) মহাশয়! এই তিন পাত্র, এই টে খেযে চলুন, হোটেলে আহারাদি করা যাকগে।

গোস্বা। (মদ্য পান করিয়া) বাপু! এখন যেখানে বলবে সেই খানেই যাবো, কিন্তু দেখো যেন এসব কথা প্রকাশ হয় না, তাহলে আমার অন্ন মারা যাবে—

বৈষ্ণ। মহাশয়! সে বিষয়ে কোন আশঙ্কা করবেন না—

খারা। তবে ওঠ হে।

গোস্বা। বাপু! কোথায় যেতে হবে বলছিলে?

বৈষ্ণ। আজ্ঞে হোটেলে, যেখানে সাহেবেরা আহারাদি করেন, বোধ করি আপনার সেখানে যেতে কোন আপত্তি নাই?

গোস্বা। আর বাপু! সুরা পান যখন কল্লেম তখন আর আপত্তি।

বৈষ্ণ। দি ফেলো ডজ নট রিকযার এনি মোর প্রেসিং আই সে, হি ইজ ইন দি হেবিট অফ টেকিং ইংলিস ফুড অলসো, হি হেজ নাউ লেফ্ট দি গারব অফ হিপোক্রেসি এণ্ড ইউ সি বিফোর ইউ, এ ট্রু পিকচর অফ আওর গোস্বামী ক্লাশ (the fellow does not require any more pressing. I say, he is in the habit of taking English food also, he has now left the garb of hipocrisy and you see before you, a true picture of our goswamy class.)

[সকলের প্রস্থান।

দ্বিতীয় দৃশ্য।

বৈষ্ণব বাবুর শয়নাগার।

মধুমতী আসীনা।

মধু। (তাম্বূল প্রস্তুত করিতে করিতে) নারী জন্মের চেয়ে বোধ হয় হেয় জন্ম আর নাই, যে শত্রু

সহস্র পাপ করে সেই পৃথিবীতে রমণী হয়ে জন্মায়। পরাধীন, দাসী, আবার তার উপর বন্দী! চিরকাল পিঞ্জর বদ্ধ পাখীর মত চার দিকে পাঁচিল দেওয়া ঘেরা ঘরের মধ্যে থাকতে হয়। সূর্য্য দেব যে কামিনীর কখন মুখ দেখতে পান নাই, পবন দেব যে কামিনীর কখন অঙ্গ স্পর্শ করতে পান নাই, সেই রমণীই সাধ্যা সতী, লোকের কাছে প্রশংসনীয়। হায়! লেখাপড়া শিখলে বিধবা হয়, এই প্রবাদ ভয়ে এমন অনেক পরি-বার আছে যেখানে স্ত্রালোকেরা লেখা পড়া শিখতে পায় না। কেউ বা লেখা পড়া শিখলে চরিত্র মন্দ হয়, এই কুসংস্কার বশে মেয়েদের লেখা পড়া করতে দেন না। ছেলে বেলা থেকে কোঁদল ঝকড়া, হিংসা আর পরের নিন্দা এই গুণ গুলিই অভ্যাস করে, তারপর যত বড় হতে থাকে ততই কুঅভ্যাস বশে নীচ প্রবৃত্তি সকল বৃদ্ধি হতে থাকে, শেষে একজন পাড়া কুঁদলী বলে বিখ্যাত হয়ে উঠে। আচ্ছা, এ দোষ গুলি কার? এ সব কি আমাদের দোষ? না, ছেলাবেলায় পিতা মাতার, তার পর বিবাহ হলে শ্বশুর শ্বাশুড়ীর স্বামীর দোষ। তাঁরা যদি আমাদের ভাল করে লেখা পড়া শেখান, একেবারে হেয় জ্ঞান তুচ্ছতাচ্ছিল্য না করেন, আমরা মানুষ এইটী যদি মনে ভেবে আমাদের সঙ্গে মানুষের মত ব্যবহার করেন, আন্তরিক না হয় দেখানও যদি দুটো শ্রদ্ধা যত্ন করেন, মৌখিকও যদি দুটো

আদবের কথা কন, তাহলেও অনেকটা হয়। কিন্তু আমার স্বামী তিনিত এসবি করেন? তিনিত বিবি চাকর রেখে আমায় লেখা পড়া শিখিয়েছেন, মৌখিক কত ভাল বাসা জানান আর সোণা দিয়েও মুড়েরেখে-ছেন, তবে আমি কেন এমন হলেম? আমার মন কেন কুপথে গেল? এবো কারণ—স্বামী। সোণার শিকল কি শিকল নয়? একটী পাখীকে বনে থেকে ধরে এনে, সোণার শিকল পায়ে দিয়ে যদি রাখা যায়, সেকি সে অবস্থায় সন্তুষ্ট থাকে, কখনই নয়, রাত দিন শিকল কাটে আর পালাবার চেষ্টা দেখে। হায়! আমার স্বামীর সঙ্গে যে আমার কি সম্পর্ক সেটা আমি আজও জানতে পারিনে। আপীস থেকে বাড়ী আসেন, বৈঠক খানায় আরাম করেন, সেই খানেই জলখান, আবার সন্ধ্যে হতে না হতেই পাঁচবেটা ইয়ার এসে যোটে, মদ খাওয়া আরম্ভ হয়, তার পর ইয়ারদের সঙ্গে বাড়ী থেকে কোথায় যে বেরিয়ে যান তা তিনিই জানেন, কোন দিন শেষ রাত্রে ফেরেন, কোন দিন ফেরেনওনা, আর যদিও ফিরে আসেন তা এমনি অবস্থায় আসেন যে আসা না আসা দুইই সমান। স্বামী মনে করেন— তিনি যে বেশ্যালয়ে সমস্ত রাত্রি কাটিয়ে আসেন, সেটী দোষের কাজ নয়, সেটী ব্যভিচার নয়, এর কারণ তিনি পুরুষ। আর আমরা কোন কিছু কল্লেই অমনি জাত গেল, কুলকলঙ্কিনী বলে লোকের কাছে পরিচিত হলেম,

এর কারণ—আমরা মেয়ে মানুষ। মেয়ে মানুষেরা কি আর মানুষ নয়, তাদের শরীরে কি মনুষ্যবৃত্তি কিছুই নাই! আমাদের মানুষ ভেবে আমাদের সঙ্গে মানুষের মত ব্যবহার না কল্লে এইরূপ ঘটনাই ঘটে থাকে। কৈ হৈম কেন এখন ফিরে আসচে না, তাকে ত অনেকক্ষণ পাঠিয়েছি? মণিবাবুর সঙ্গে কি তার দেখা হয়নি? বোধ হয় আমার নেমো স্বামী, এই বাড়ীর স্বামী আজ রাত্রে আর ফিরচেন না, বিশেষ আজ পরবের রাত, তা আমার পক্ষে ভালই হয়েছে নির্ভয়ে সমস্ত রাতটা কাটাতে পারবো এখন।

(হৈমর প্রবেশ।)

হেঁলা তুইযে একেবারে বাঘের মাসী হয়ে পড়িচিস দেখচি? কখন গেছলি মনে করে দেখ দেখি, এত দেরি হলো কেন, এতক্ষণ কি কচ্ছিলি, তাঁর সঙ্গে দেখা হয়েছ তো?

হৈ। দিদি বাবু! অতকথা একেবারে জিজ্ঞাসা কল্লেত আমি উত্তর দিয়ে উঠতে পারব না, এক একটা করে জিজ্ঞাসা কর, আমি এক একটা কথার জবাব করি।

মধু। কি জ্বালা, বলি তোর এত দেরি হলো কেন, এতক্ষণ কি কচ্ছিলি, তাঁর দেখা পেয়েচিসতো?

হৈম। হরি বোল হরি! আবার একেবারে পোনেরটা কথা জিজ্ঞাসা কল্লে তবেই আমি বলেচি।

মধু। নে আর জ্বালাসনি, যে কাজে গেছ্‌লি তার কি হলো?

হৈম। হবে আর কি, শ্রীকৃষ্ণ রাধার কুঞ্জে আজ আগমন করবেন। বিশেষ বৃন্দেদূতী যখন গিয়েছিল, তখন কি আর কৃষ্ণ না এসে থাকতে পারেন।

মধু। সত্যি বোল্‌চিস, না ঠাট্টা?

হৈম। হাঁগা, এই কি তামাসার সময়, তিনি আসবেন বলেচেন। চাকর দরয়ানেরা শুলে, তেতালার ঘরে থেকে পুবদিকের খড়খড়ে খুলে একটী আলো দেখাতে বলেছেন, ঐ সঙ্কেত দেখালেই তিনি আসবেন, আমাকেও সেই খানে গিয়ে অপেক্ষা করে থাকতে বলেছেন।

মধু। তবে চ, শীগ্‌গির শীগ্‌গির খাওয়া দাওয়া সেরে নেওয়া যাকগে।

হৈম। দূতীর বিদায়টা হাতে হাতে হলে ভাল হয় না, এরপর যে ফুরুলে ছাদ্‌নায় নাতি না হয়।

মধু। এ যেন ঘটকালি একদিনে যে ফুরাবার নয়। হ্যাঁলা তোকে আমার অদেয় কিছু আচে? এখন চ।

[উভয়ের প্রস্থান।

— —

তৃতীয় অঙ্ক।

প্রথম দৃশ্য।

হল অফ অল নেসনস্।

(বারাণসী বৈষ্ণব ও গোস্বামীর প্রবেশ)

বৈষ্ণ। এই ত ৩৯ নম্বরের ঘর, এই ঘর না এনগেজ হয়েছে?

বারা। ইএস দিস্ ইজ দি রুম, (Yes this is the room,) গোস্বামী মহাশয়! এই এক খানা চৌকিতে বস্থন, ওয়েল লেটস্ টেক আওর সিট্স। (well let's tal e our seats)

(সকলের উপবেশন)

বোধ হয়, আমাদের আসতে বিলম্ব হয় নাই।

বৈষ্ণ। ও: নো, বলি ডিনারের কি কি অর্ডর দিয়েছ।

বারা। হিয়ার ইজ দি বিল অফ ফেয়ার। (Here is the bill of fare.) (পকেট হইতে বিল বাহির করিয়া প্রদান)

বৈষ্ণ। (পাঠ) ফার্ষ্ট কোরস্—সুপ রোষ্ট এণ্ড কট্লেট্, সেকেণ্ড কোর্স্—পিগ এণ্ড ব্রেইন সস্, ক্যাফস্ টঙ্গ এণ্ড ষ্ট। (Frst course—soup, roast and

cutlet, second course—pig and prune sauce calf's tounge and stew.)

বাবা। বলি কেমন সিলেকসন?

বৈষ্ণ। অল আফ্‌টার প্রেজেণ্ট ফেসন।

বাবা। প্লিজ গো অন?

বৈষ্ণ। থার্ড কোরস—চপ, করি এণ্ড ক্রোকেট্‌স্‌। গ্রেণ্ড ডিনার, পড়ে বোধ হচ্চে, ইউয়ার টু গেট হোল অফ দি সুমেকারস্‌ করপোরেসন হিয়ার, হো হো হো! (you are to get whole of the shoemaker's corporation here)

বাবা। ওয়েল, হোয়াট উই হেভ ফর দি ডেজারট? (well, what we have for the desert.)

বৈষ্ণ। আইস ক্রিম, কেকস্‌ এণ্ড ফ্রুট্‌স!

বাবা। কেমন হে এতে হবেত, আর কিছু আবশ্যক নাই?

বৈষ্ণ। বিলক্ষণ, তোমার এ এমনি খাসা বন্দোবস্ত হয়েছে যে, ফর মাই ওন্‌ পারট্‌, এনিওয়ান পারট্‌ অফ দি ডিসেস ইজ ফুল এজ গুড এজ আনাদার। (For my own part, any one part of the dishes is full as good as another.) কিন্তু ভাই! হোয়াট এবাউট— (what about—)

বাবা। টু ডজন স্যামপেন, হাফ এ ডজন ব্র্যাণ্ডি, টুটা বিয়ার, টুটো পোরট্‌।

গোস্বা। জয় মহাপ্রভু! এতক্ষণ বাবা, তোমরা ইংরাজীতে কি কথা কচ্ছিলে, একটাও সংগ্রহ করতে পাচ্ছিলাম না, মদের নাম শুনে বুঝতে পারলেম যে, আঁহারের বিষয়ে কথাবার্ত্তা হচ্চে; তা যাহোক দুটো একটা ওল্ডটম এর সঙ্গে হলে ভাল হয় না?

বৈষ্ণ। হিয়ার, হিয়ার আওর ওয়ারদি মহাপ্রভু।

বারা। আবশ্যক হয়, হুকুম কল্লেই পাওয়া যাবে এখন।

বৈষ্ণ। ওহে ঘড়িটে একবার দেখদেখিন, আমার বোধ হয় টাইম হয়েছে।

বারা। (ঘড়ি দেখিয়া) আট্টা বাজতে এক কোয়া-টর, মোর ফিফটিন মিনিট্স্। (নেপথ্যে পাদুকাশব্দ) আঃ! সম বডি ইজ কমিং। ah, some body is coming.)

(মৌলভী আবদুল করিমখাঁ বাহাদুরের প্রবেশ)

আইয়ে মৌলভী সাব্, (পরস্পরের সেকণ্ড ও উপবেশন)

বৈষ্ণ। আমি গোস্বামী মহাশয়ের সহিত আপনার পরিচয় করিয়ে দিতে ইচ্ছা করি।

মৌল। ছেলাম গোস্বামী মহাশয়। আজ আমার নসিবার বড় জোর বলতে হবে, আপনার সঙ্গে জান-পচান হলো।

গোস্বা। উভয়ত, পরস্পরে সৌহৃদ্য সংস্থাপনই

সা গানের প্রকৃত সুখ, আমিও যে কি পর্য্যন্ত আহ্লাদিত হলেম তা আর প্রকাশ করা যায় না।

বাবা। গোস্বামী মহাশয় অতি বড় পণ্ডিত. বিদ্যা জ্যোতি দ্বারা, অভিমান রূপ অন্ধকারকে মনথেকে দূর করেছেন।

গোস্বা। কিন্তু বাপু এখন লোক লজ্জা ভয়টা যায় নি।

বাবা। ক্রমশ. শনৈঃ শনৈঃ--

মৌল। বাই এণ্ড বাই, থোড়া থোড়া করকে

বেঙ্ক। রোম ওয়াজ নট বিলট ইন এ ডে। (Rome was not built in a day) .

বাবা। (ঘড়ি দেখিয়া) ডিনরের সময় হয়েছে, ফিক্সড্ টাইম আট্টা।

মৌল। আউর কিসিকো আনেকা নেহি হ্যায়?

বাবা। না, আর কারো আসবার কথা নাই, কেবল উই একসপেক্ট মিষ্টার ড্যানিয়ল, দি মাউতপিস অফ দি ইনফ্লুএনস্যাল বডি নোন্ এজ সুমেকারস করপোরেসন। (we expect Mr. Daniel, the mouthpeace of the influential body, known as shoemaker's corporation.)

বেঙ্ক। কিন্তু তুমি ডিনার আনতে হুকুম দিতে পার।

বাবা। ও ইয়েস! খিজমদগার! খানসামা! খানা লাও? (নেপথ্যে—যো হুকুম)

মেল। সে দিন রাতে ঐ ভট্‌চায কি মজা করেছিল, কিতার নাম, কি সাগর? ওঃ! হি মেড অস অল লাফ এ গ্রেট ডিল। (oh! he made us all laugh a great deal.)

বৈষ্ণ। কিন্তু আর একটু যেযাদা মদ দিলেই, বোধ হয় ঝোলার প্রয়োজন হত।

বারা। নন্‌সেনস! সাগর—তিনি সকল বিষয়ের সাগরের সমান, শোন নাই সাগর সহ্য গুণে বিখ্যাত, বিশেষ এ কাজে আই ডেযার্‌সে, হি কেন এম্পটি এ ফিউ বটল্‌স মোর দ্যান এনি অফ অস। (I dare say, he can empty a few bottles more than any of us.)

(খিজমদগার ও খানসামাদের খানা লইয়া প্রবেশ ও টেবিল উপরি রাখিয়া প্রস্থান)

ড্যানিয়েল সাহেবের এক জন পিয়াদার সহিত কথোপ-কথন করিতে করিতে প্রবেশ।

ড্যানি। ডেকো হরকারা! উও অনরেবল মাষ্টার ক্রোকার সাহেব আওয়েগা, আউর দেট টিজিং ফেলো মণি সাহেব আওয়েগা, কহদেও সাব ঘর মে নেই হ্যায়, (অগ্রবর্ত্তী হইয়া) ফেণ্ডস! আই হেভ জষ্ট এসনেচড এ মোমেণ্ট,—(friends! I have just snatched a

moment,) ডেকো, ছোটা লাট সাবকা পাশ যো কাজ ভেজনেকা হ্যায়, টেয়ারি হোনেসে ভেজডেনে বোলো, উও কাগচ বড়া দরকারি হ্যায়, ফ্রেণ্ডস্! আই আস্ক ইওর টেন থাউজেণ্ড পারডন্‌স্, (friends, I ask you ten thousand pardons,) আউর সিল বাবু আওযেগা, উনকো বোল দেও, কাল মেরা আপীস মে মুলাকাট করে, আউর উও পারসা বেগরেম আওয়েগা, কয় দেও উনকা জাহাজকা রুপেয়া টয়ারি হ্যায়, কাল বেঙ্কমে মিলেগা, ফ্রেণ্ডস্! আই আস্ক মিলিয়ন্‌স্ অফ পারডনস্—(friends! I ask millions of pardons—)

বারা। সার দিস

ড্যানি। আউর ডেকো, মল্লিক বাবু আওয়েগা টো কয়দেও, যো লাটসাব সে বাটচিজ হুয়া উনকো রাজা বাহাদুর খেটাব জলদি মিলেগা, জরুর কাল হামসে মুলাকাট করে—নাউ ফ্রেণ্ডস্! ইউ মষ্ট এক্সকিউজ মি, আই এম লেট, বট্ ইউ সি সো মচ্ প্রেসর অফ বিজনেস, দেট আই হেভ জষ্ট গট টাইম টু জয়েন ইউ। (now friends! you must excuse me, I am late, but you see so much pressure of business, that I have just got time to join you.)

বরা। (সেকাণ্ড করিয়া) একজেক্‌টলি, বট হোয়েন উই আর অনরড উইত ইউর কম্পানি, এট দি সেম টাইম উই ডিসএপইণ্ট দি পবলিক। (exactly, but when

we are honored with your company at the same time we disappoint the public)

ড্যানি। ডেম ইওর পবলিক, হোয়েন মে ওন আর টু বি এটেনডেড, (D— am your public when friends are to be attended) আচ্ছা টোম যাও, খাড়া হায় কাহেকো, নাউ লেটস টু বিজনেস। (now let's to buisness) (সকলের আহার আরম্ভ)

পেয়া। সার হামারা ঠিকা ?

ড্যানি। ইউ ননসেন্স, ব্লাগারড ! কবদেও উনকো কাল মিলেগা।

পেয়া। সার, কিসকো কবদেগা, হামরা ঠিকা কৌড়ি ?

ড্যানি। হেঙ্গ টেরা কৌড়ি, আবি যাও, কাল মিলেগা।

পেয়া। সাব্, তোমারা ঘর নেহি জানতা, কাল কাঁহাসে কিস্‌সে মিলেগা ?

ড্যানি। (you bloody nigger !) যাও।

পেয়া। হাম পয়সা ছোড়কে নেহি যাগা।

ড্যানি। (পকেটে হস্ত দিয়া) ওঃ, ওয়াট নন্‌সেনস ! ইন হরি অফ দি মোমেণ্ট আই হেভ লেফ্‌ট মাই পর্‌স এট হোম। (Oh, what nonsense ! in hurry of the moment, I have left my purse at home)

বাবা। ইউ ওয়াণ্ট সম সিলভর? (you want some silver.)

ড্যানি। ওঃ, এ ফোর আনা বিট, নথিং মোর। (Oh, a four anna bit, nothing more.)

বাবা। হিয়ার ইউ আর। (here you are.) (মুদ্রা-প্রদান)

ড্যানি। থেঙ্কস, (সিকি দূরে নিক্ষেপ করিয়া) লেও সুবার, এই লেও?

পেয়া। গালিগুপ্তা মত কর, হামকো ঠিকা করকে লায়া, বোলা হামারা সাত পোচঘর তক চলো, হুঁয়া হাম যো বোলেগা শুনকে চলা যাও, তোমকো চারগণ্ডা পয়সা দেগা। আভি হিঁয়া আকে গালি দেতা? হিঁয়াসে নিকালকে সড়ক পর আকে বোলো, তো মজা দেখলাদে।

[প্রস্থান।

ড্যানি। ইউ সি, দিজ মাড়ুয়াস আর এ সেট অফ ষ্টুপিড স্কাউনড্রেল. দিস ফেলো ইজ ইন দি হেবিট অফ এসমোকিং গান্‌জা, (you see, this Marooas are a set of stupid scoundrel, this fellow is in the habit of smoking gunja) রোজ সামকো চারগণ্ডা পয়সা গাঁজাকো ওয়াস্তে লেতা।

বৈষ্ণ। বেটাদের জাতি ঐ রকম। আপনার সঙ্গে প্রভুর আলাপ নাই, ইনি বড় বিদ্বান, ভাল লোক।

ড্যানি। আচ্ছা মশয়! হামার পরণাম!

গোস্বা। (হস্তোত্তোলন পূর্ব্বক) আশীর্ব্বাদ।

ড্যানি। হামি বোড করি সে ডিন কার ভটচার্য মশয়ের—

বৈষ্ণ। না, তাঁর কেও নন। এঁরা প্রভুবংশ. সমথিং লাইক ইওর রেভরেণ্ড ডক্‌টরস্।

ড্যানি। বট হি ইজ অলসো অফ দি প্রিষ্ট ক্লাশ। (but he is also of the priest class.)

বারা। ইয়েস।

ড্যানি। ডেকো, টোমাদের প্রিষ্ট ক্লাশের লোকেরা বড হিপোক্রিট, লুকিয়ে মদ খায়, খানা খায় আবার লোকের কাছে কোয়াইট আনাদার মেন।

বৈষ্ণ। নট এ হুইট লেস দেন ইউর প্রিষ্টস। (not a whit less than your priests) [illegible]স অপর চিউনিটী হুইচ মেকস—(tis opportunity which makes—)

বারা। আরে বৈষ্ণব বাবু! খাবার সময় তর্ক-বিতর্ক রাখ। গোস্বামী মহাশয়! এ আহার কেমন লাগে?

গোস্বা। দিব্য, অতি পরিপাটী, কিন্তু বাবা বিগ্র চক্ষে যে আর চলে না।

বৈষ্ণ। বলি মৌলভি সাহেব! শূকরের মাংসটা কেমন লাগল?

মৌল। তোবা, তোবা! হারাম হ্যায়, উও নাম মত লেও।

গোস্বা। শূকর—ইত্যর্থে—সুখকর অর্থাৎ অতি সুস্বাদু। মহাশয়! শূকরের মাংসকে যে, কি জন্য শাস্ত্রকারেরা অব্যবহার্য্য লিখে গেছেন, তার কোন সিদ্ধান্ত করাই যায় না। দেখুন যখন নারায়ণ স্বয়ং বরাহ মূর্ত্তি ধারণ করেছিলেন, তখন তাতে অপবিত্রতার সম্ভাবনা কেমন করে থাকতে পারে!

বারা। বোধ হয় আমাদের খাওয়া হয়েছে, এখন ডেজারট আন্‌তে বলা যাক?

বৈষ্ণ। ও ইয়েস। (Oh yes)

ড্যানি। ইউ সি, আই হেভ ডন জষ্টিশ টু ইওর রিপাষ্ট. (you see I have done justice to your repast) টোমরা শাক পাটা খাও, টোমাদের এসব খানা ভাল লাগে না।

(খানসামা দ্বয়ের প্রবেশ)

বারা। খানসামা! ডেজারট লাও?

খান। যোহুকুম হুজুর। (খানসামা দ্বয়ের উচ্ছিষ্ট পাত্রাদি লইয়া প্রস্থান, ও সরাপ ও ফলাদি লইয়া পুনঃ প্রবেশ)

বৈষ্ণ। সাহেব! আপনি কি মনে করেন, আমাদের আহার্য্য অপেক্ষা আপনাদের আহারীয় ভাল? ও নো!

মৌল। ভালা বুরা খানা সব জাতোমে হ্যায়, সকত রুপেয়াকা খেল হ্যায়, খোদানে যিসকো দৌলত দিয়া হ্যায়, উও আপনা অাচ্ছা আচ্ছা বড়িয়া চাজ খাতা। ভালা পহিনতা, আউর সব মিটালেতা, লেকেন যিসকা রুপেয়া হ্যায় নাই, ও সবকুচ যো মিলতা ঐ খাতা।

(সকলের পান পাত্র হস্তে লওন)

দ্যানি। হেলত, ওয়েলত, এণ্ড প্রসপেরেটি।

(সকলের মদ্য পান)

বাবা। হয়েস, মনি ইজ দি রুট অফ অল এন জয়মেণ্টস। (Yes money is the root of all enjoyments) ওহে। প্রভুকে এক গ্লাশ ভাল করে দাও।

বৈষ্ণ। প্রভু, প্রসাদ করে দিন। (পূর্ণগ্লাশ প্রদান)

গোস্বা। দাও বাপু দাও। (সমস্ত পান)

বৈষ্ণ। ওঃ বাবা! এক ডপও নাই। তবে প্রভু! কাউস চ টা কেমন লাগে?

গোস্বা। আঃ সুস্বাদু! বাপু সে টাকে দেশ্য বাঙ্গলা ভাষায় তকে কি বলে?

বৈষ্ণ। আজ্ঞে কেলে বাছুরের জিব।

গোস্বা। রাধে কৃষ্ণ! শ্যামসুন্দর মদন মোহন! সকলি তোমার ইচ্ছা। বপু! আহারে ধর্ম্ম নষ্ট হয় না, যার যা ইচ্ছা সে তাই খেতে পারে, আমার বিবেচনায় আহারের সঙ্গে ধর্ম্মের কোন সংস্রব নাই।

.গাল। আপনে ঠিক বোলা, আপরুচি খানা, পরুচি পহেননা। দেখিয়ে হামারা কোরাণমে শূয়ার কো হারাম লিখতা হ্যায়, উসকে ছোনা নেহি, খানা নেহি, নামাজ লেনে মানা হ্যায, লেকিন হাম লোকমে কৈ কৈ খাতা হ্যায়।

বাব।। কেমন প্রভু। গব্য আমাদের প্রচলিত খাদ্য, দধি, দুগ্ধ, সর, নবনীত সমস্ত উপাদেয়ই গরু থেকে জন্মায়।

গোস্বা। ভাল বলেছ বাবা, দেখ যদি গরুর অস্থবস্থ বসটা ব্যবহার হতে পারে, তবে তার শরীরটা বা কি দোষ কল্লে? আর দেখ, গব্য আমাদের দেশী কৃষ্ণের ভক্ষ্য, আর গরু বিলাতী কৃষ্ণের ভক্ষ্য, অতএব কৃষ্ণের প্রসাদ সেবায় কিছুমাত্র পাপ নাই।

বৈষ্ণ। ব্রেভো, ব্রেভো! ফাইন আরগুমেণ্ট।

বারা। কিন্তু প্রভু, ভাল করে ভেবে দেখলে আমাদের জাত নাই, আমরা অভক্ষ্য ভক্ষণে, অপেয় পানে জাত্যন্তর হয়েছি!

গোস্বা। বাপু! জাত এটা একটা সামাজিক কথা, যখন এক ঈশ্বর সকলকে সৃজন করেছেন, তখন আমি ব্রাহ্মণ, তুমি কায়স্থ, ইনি মুসলমান, উনি ম্লেচ্ছ, এই সকল ভেদ অর্থের অভিপ্রায় কি? আমার বিবেচনায় সাংসারিক কার্য্য নির্ব্বাহ জন্যই এই সকল জাতি ভেদ সম্প্রদায়ের সৃষ্টি হয়, আর মনুতেও স্পষ্ট লেখা আছে—

বৈষ্ণ। তবে মদ খেলে জাত যায়, একথাটা কোথা থেকে এল ?

গোস্বা। ও কথাটীও শাস্ত্রে আছে—বাপুহে ! উটী কেবল শাসন বাক্য, আর আমাদের কিঞ্চিৎ প্রাপ্য।—প্রায়শ্চিত্ত।

বৈষ্ণ। হ্যা, হ্যা! অলরাইট।

ড্যানি। টুট মেন ! লিভ ইউর ডিস্‌কসন এবাউট জাট এণ্ড আদার টপিক্স, প্লিজ ডিসকস্‌ হট উইত ওয়াইন, গেট ইওরসেল্‌ফ মেরি, এণ্ড ইওর স্ক্রুপলস্ এবাউট জাট এণ্ড সচ আদার নন্‌সেনস্‌ উইল সুন লিভ ইউ এট ইজ। (Toot man ! leave your discussion about jat and other topics, please discuss hot with wine, get yourself merry and your scruples about jat and such other nonesense will soon leave you at ease.)

বাবা। (মদ্যপান করিতে করিতে) ওয়েল, আই সি এ লেডী পাসিং। সায়েব ! যাওনা, দেখনা পারত এখানে নিয়ে এস না।

মোল। বেরেণ্ডি ব্র্যাণ্ডি কুচ মজেকা নেই।

ড্যানি। আই সি ইউ বাবুস্ হেভ টেকেন এ ফেন-সি অপন্ ইংলিস বিউটিস, (I see you Baboos have taken a fancy upon English beauties) আচ্ছা আমি ডেকচি। [প্রস্থান।

তৃতীয় অঙ্ক।

বাবু। আই লাইক ইংলিস বিউটিস অফ অল আদারস। (I like English beauties of all others.)

বৈষ্ণ। আজকালকার কেমন বটে।

সর্ব। প্রভু! বিলাতী বিবি কি বলেন?

গোস্ব। বাপু! বিলাতী সকলি ভাল, বিশেষ স্ত্রীরত্ন দুস্কুলাদপি।

(ড্যানিয়ল সাহেবের অনৈক বিবির সহিত পুনঃ প্রবেশ)

বৈষ্ণ। আ, সকসেস! সায়েব বিবিকে আনচেন।

গোস্বা। জয় মহাপ্রভু! রাধাশ্যামের প্রীতে একবার হরি হরি বল।

বাবু। প্লিজ হেণ্ড ওভর এ চেয়ার টু দি লেডী।

বিবি। বেবুস! গুড নাইট, মিষ্টার—হেজ ব্রট মি টু পাস এন আওয়ার উইত ইউ। (Baboos! good night, Mr.—has brought me, to pass an hour with you.)

বাবু। থেঙ্কস্ ফর ইওর কাইণ্ডনেস, (এক পাত্র সুরা ঢালিয়া) আই প্রোপোজ হার লেডিসিপস হেলথ। (I propose her lady-ships health.)

(সকলের স্বীয় স্বীয় পান পাত্রে সুরা ঢালিয়া পান)

বৈষ্ণ। ও, ওযাট এ বিউটি! ইওব লেডিসিপ ইজ ইনডিড এ বিউটী (Oh, what a beauty! your lady-ship is indeed a beauty) (স্বগত) যদিও আমাব মনে স্ত্রীলোকেব সতীত্ব বিষযে বিশেষ শ্রদ্ধা ছিল না, কিন্তু উপস্থিত ব্যাপাব দেখে যা কিছু ছিল তাও গেল।

বাবা। আই সে বৈষ্ণব বাবু! হেলপ হাব লেডিসিপ উইত স্যামপেন, গেলেনট্রি দেখাও ভাই?

বৈষ্ণ। (এক পাত্রে স্যামপেন সুবা ঢালিযা বিবিকে প্রদান, ও বিবিব অম্লানবদনে পান) স্যাল আই পোব?

লেডী। এ ফিউ ড্রপাস মোব।

বৈষ্ণ। (পুনর্ব্বার সুবা ঢালিযা বিবিকে প্রদান পুনর্ব্বাব বিবির পান)

বাবা। ওহে স্যামপেনে শানবে না, এক পাত্র উচু দরেব অফব কব।

বৈষ্ণ। (বিবিকে সম্বোধন কবিযা) স্যামপেন প্রোডিউসেস হেডএক স্যাল আই পোব এ ড্রপ অফ ষ্ট্রংগার—

লেডী। আই এম এট ইউর সাবভিস, বাবু! গিভ মি এনিথিং ইউ লাইক, বট ডোণ্ট মেক মি—

বাবা। নো নো, বৈষ্ণব বাবু! ঢাল না আব কেন?

বৈষ্ণ। (ব্র্যাণ্ডি ঢালিযা বিবিকে প্রদান, বিবিব সমস্ত পান) বলি বারাণসী! এ কেসাদ আবার যোটালে কেন?

বাবা। ফেসাদ কি? ভালইত হয়েছে একটু প’রে বাগানে নিয়ে যাওয়া যাবে এখন।

বৈষ্ণ। জন্মাষ্টমাটে আজ সত্য সত্যই ফলে গেল দেখছি, জয় নন্দরাণী কি জয়।

লেডী। (উন্মত্তস্বরে) হেললো! হোয়াটস দিস বাবু সেয়িং? (hallo! what's this Baboo saying?)

বাবা। হি ইজ প্রেজিং ইওর বিউটি। ওহে ফলার পেকে উঠেছে। ওঃ! ইউ আর ইনডিড এ বিউটিফুল ক্রিচর, আই থিঙ্ক আই এম ইন লভ উইত ইউ। (Oh! you are indeed a beautiful creature. I think I am in love with you)

ড্যানি। আঃ, লভ্ এট দি ফাস্ট সাইট! (সুরা ঢালিয়া) নাউ সার দিস বম্পার টু ইওর সকসেস (now sir this bumper to your success) (সুরাপান ও পুনর্ব্বার ঢালিয়া) এণ্ড ইন এজ মচ এজ মাই আদার ফ্রেণ্ড বৈষ্ণব বাবু ইজ ইন দি সেম গেম, আই ড্রিঙ্ক দিস বম্পার টু হিজ সকসেস্ অলসো। (and in as much as my other friend Bystam Baboo is in the same game, I drink this bumper to his success also.) (মদ্যপান এবং পুনর্ব্বার ঢালিয়া) এণ্ড এজ উই হেভ এ বিউটিফুল লেডি হিয়ার, আই ড্রিঙ্ক এ বম্পার টু হার হেলত ইন পারটিকিউলার। (and as we have a beautiful lady

here. I drink a bumper to her health in particular) (মদ্যপান এবং পুনর্ব্বার ঢালিয়া) দিস ফর দি সেক্স ইন জেনরেল, আই এম এট এ লস ওয়াট দি ডিউস উই সুড হেভ ডন্ উইদাউট দেম; (this for the sex in general, I am at a loss what the deuce we should have done without them.) (মদ্যপান এবং পুনর্ব্বার ঢালিয়া) ইট উড বি বেড মেনারস, নট টু ড্রিঙ্ক টু দি আদার ফ্রেণ্ডস প্রেজেণ্ট হিয়ার, দিস ওয়ান ফর ইউ প্রভু, এণ্ড দিস লাস্ট (অপর গ্লাশ ঢালিয়া) ফর ইউ মৌলভী সাহেব। (মদ্য পান) It would be bad manners not to drink to the other friends present here, this one for you Provoo, and this last for you Moulovy shaheb.)

গোস্বা। ওরে বাবা! সায়েব এর পর বোতল আর গ্লাশ গুলি পর্য্যন্ত না খেয়ে ফেলে, কাজনি বাবা, সরে বসি! (উত্থান উদ্যম,)

বারা। প্রভু বসুন না ভয় কি, ওহে আমোদ কর না, দুএকটা গান গাওনা।

গোস্বা। ভাল বলেছ, ইংরেজী বাত এখন রেখে দাও বাবা।

বৈষ্ণ। মৌলভি সাহেব একটী গাও।

বারা। খানসামা! হামলোককা গুড়গুড়ী লে আও?

বাবা। ভেরি গুড প্রোপোজেল, নাউ টু ডেন্স।

(সকলে একত্রে হাত ধরাধরি করিয়া নৃত্য আরম্ভ)

নেপথ্যে পলকা বাদ্য।

কলি, দাসত্ব-প্রিয়তা ও মিথ্যাভিমানের অপ্সরার
বেশে বিমানপথে প্রবেশ ও গীত।

কলি। একি দেখি, প্রভাবে আমার,
কি অসার, এ সংসার,
চারি দিকে আমারি পসার।
যশস্বী আমার মত কেবা আছে আর
ক্রমে সব হবে একাকার,
নানা জাতি এক সঙ্গে, আহার করিছে বসে,
নাহি কিছু জাতির বিচার॥

সকলে। জয় কলিরাজ জয়,
জয় আমাদের জয়,
গাও আমাদের জয়,
মা ভৈঃ—মা ভৈঃ,
গাও কলি রাজ জয়।

দাসত্বপ্রিয়। দাসত্ব করিতে সবে, নাহি অপমান,
সাহেব কৃত দাসেরি সমান,
[illegible] বহি চুশীরে,
[illegible] নবে শীরে,
কিবা মম মহিমা প্রচার॥

সকলে। জয় কলিরাজ জয়— ইত্যাদি।

মিথ্যাভিমান। মিথ্যা অভিমানে ভরা, হয়েছে এ দেশ,
সবে সবে পরস্পরে দ্বেষ,
সবে সবে অভিমান, যেন কত গুণবান,
কিন্তু সব মিছে অহঙ্কার॥

সকলে। জয় কলিরাজ জয়— ইত্যাদি।

পটক্ষেপণ।